

বিসিএস কম্পিউটার প্রদর্শনী উদ্বোধন

নিজস্ব বার্তা পরিবেশকঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, গত সরকারের উদাসীনতা, চরম অবহেলা ও অদূরদর্শিতার কারণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে আমরা এখনো পিছিয়ে আছি। গতকাল রোববার বাংলাদেশ কম্পিউটার সমিতি আয়োজিত বিসিএস কম্পিউটার শো-২০০২-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর বক্তৃতায় প্রধানমন্ত্রী একথা বলেন। বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি মোঃ সবুর খানের সভাপতিত্বে বিসিএস সেন্টারে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আরো বলেন, গত সরকারের অদূরদর্শিতার কারণেই আইসিটি শিল্পের কোন অবকাঠামো পর্যাপ্ত গড়ে উঠেছে। সফটওয়্যার উদ্ভাবনে নিয়োজিত আমাদের মেধাবী তরুণদের জন্য আইটি ভিলেজ গড়ে তোলা হয়নি। তিনি বলেন, পৃথিবীর অন্যান্য প্রান্তে এমনকি আমাদের প্রতিবেশী দেশেও তথ্য-প্রযুক্তির ক্ষেত্রে যে অভাবনীয় অগ্রগতি সাধিত হয়েছে আমরা তা থেকে অনেক পেছনে পড়ে আছি। এ ধরনের অপরিণামদর্শিতার জন্য আমরা ডিজিটাল ভাইড অর্থাৎ তথ্য-প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রেও বৈষম্যের শিকার হয়েছি। তথ্য-প্রযুক্তির ক্ষেত্রে আমাদের সঙ্গে পৃথিবীর অন্যান্য দেশের যে দূরত্ব বেড়েছে তা আমাদের অগ্রগতিকে অনেকাংশে ব্যাহত করেছে।

তথ্য-প্রযুক্তিক্ষেত্রে সার্বিক উন্নয়ন নিশ্চিত করার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সরকার গঠনের পরপরই আমরা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিকাশের জন্য প্রয়োজনীয় অবকাঠামো তৈরির কর্মসূচি শুরু করেছি। ইনফরমেশন সুপার হাইওয়েতে বাংলাদেশ থেকে অবাধ প্রবেশ নিশ্চিত করতে সাইবার অপটিক সাবমেরিন কেবল সংযোগ স্থাপনের বিষয়ে বর্তমান সরকার

সচেষ্ট রয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ড. আবদুল মঈন খান ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক বক্তব্য রাখেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী মেলার কয়েকটি স্টল ঘুরে দেখেন। এ সময় মন্ত্রিপরিষদের সদস্য, সিনিয়র সদস্য, কূটনীতিক এবং অন্যান্য সরকারি ও বেসরকারি কর্মকর্তাগণ প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন।